



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ
খাদ্য

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
মানব সম্পদ উন্নয়ন ও হিসাবরক্ষন অধিশাখা,
বিএসএল অফিস কমপ্লেক্স (ভবন-২), ১১৯ কাজী
নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ১৩.০২.০০০০.০০০.২১০.১১.০০০২.২২.২৯

নিয়োগপত্র

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের রাজস্ব খাতভুক্ত ১৬তম গ্রেডের নিম্নবর্ণিত প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদ ও বেতন স্কেলে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম.	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	নিজ জেলা	পদের নাম	বেতন স্কেল (জা.বে.ক্ষে./২০১৫ অনুযায়ী)
০১.	1302410	প্রার্থীর নাম: জনাব এরিনা জাহান পিতার নাম: মোঃ খাইরুল আলম স্থায়ী ঠিকানা: গ্রাম: বাজারপাড়া, ডাকঘর: কোটচাঁদপুর-৭৩৩০, উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ।	ঝিনাইদহ	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	৯,৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬

নিয়োগের শর্তাবলী:

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন রকম কারণ দর্শানো ছাড়াই তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র (ডোপটেস্টসহ) যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক দাখিলকৃত আবেদনপত্রে উল্লিখিত তথ্য অপ্রমাণিত/মিথ্যা প্রমাণিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চাকুরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরত প্রদান করতে হবে।
- চাকুরিতে তাঁর জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে।
- যোগদানের সময় শিক্ষাগত সনদ, কোটা সংক্রান্ত সনদ, সিটি কর্পোরেশন/পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ড ইউনিয়ন পরিষদের স্থায়ী নাগরিক সংক্রান্ত

প্রত্যয়ন/সনদ, জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

৮। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৮ এবং তৎসংশ্লিষ্ট প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৯। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

১০। উক্ত পদ হতে পদত্যাগ করতে চাইলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে। তা দিতে ব্যর্থ হলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

১১। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে ২৯ মার্চ ২০২৬ তারিখ পূর্বাঙ্কে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর কেন্দ্রীয় কার্যালয়, বিএসএল ভবন, ১১৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নিয়োগপত্র নির্দেশক্রমে জারি করা হলো।



০৮-০৩-২০২৬

শ্রাবস্তী রায়

সচিব

ফোন : +৮৮০২-২২২২২৩৪৩৬

ইমেইল : secretary@bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.০০০০.২১০.১১.০০০২.২২.২৯/১ (৯)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৩। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
- ৪। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অভ্যন্তরীণ প্রশাসন-১, খাদ্য মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, কুমিল্লা।
- ৬। পরিচালক (সংস্থাপন ও পরিবিক্ষণ) (চলতি দায়িত্ব), সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা এবং পরিবিক্ষণ বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। উপ পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিশাখা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৯। জনাব এরিনা জাহান, গ্রাম: বাজারপাড়া, ডাকঘর: কোটচাঁদপুর-৭৩৩০, উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ।



০৮-০৩-২০২৬

শ্রাবস্তী রায়

সচিব